দৈনিক
ইত্তেফাক

তারিখ ..02 DEC 2016..
পৃষ্ঠা ...৫... কলাম ...৬...

# কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে আজ ও কাল ভর্তি পরীক্ষা

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১১তম ব্যাচে ভর্তির জন্য আজ শুক্রবার ও কাল শনিবার কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষাকে কেন্দ্র করে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ভর্তি পরীক্ষার হলে সকল প্রকার ডিভাইস নিষিদ্ধ করেছে কমিটি। কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, ক্যালকুলেটর, হেডফোন, ঘড়ি, ডিভাইস সম্বলিত সানগ্লাসসহ যে কোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে তাকে পরীক্ষা দিতে দেওয়া হবে না বলে। আইন-শৃঙ্খলা রক্ষা উপ-কমিটির আহ্বায়ক ও প্রক্টর (ভারপ্রাপ্ত) মোহাম্মদ আইনুল হক বলেন, ক্যাম্পাসে মিছিল-সমাবেশে নিষেধাজ্ঞা বহাল রয়েছে।

কুমিল্লা সদর দক্ষিণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. নজরুল ইসলাম জানান, বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে পুলিশ মোতায়েন রয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফ বলেন, সকলের সহযোগীতায় সুষ্ঠু পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে আশা করছি। উল্লেখ্য এ বছর প্রায় অর্ধ লক্ষাধিক শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছেন।